Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



ভোরেরকাগজ
১২ অক্টোরব ২০২৪

## ঢাবি ভিসির সঙ্গে সাক্ষাৎ ইউএসএইড ও আইএফইএস প্রতিনিধিদের



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে গত বৃহস্পতিবার তার কার্যালয়ে সাক্ষাৎ করেন ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি এবং ইউএসএইড-এর ডেমোক্র্যাসি, হিউম্যান রাইটস অ্যান্ড গভর্ন্যান্স অফিসের পরিচালক মিজ অ্যালেনা জে তানসে (উপরে)।

ইন্টার্বন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (আইএফইএস) বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি, ইউএসএইড-এর ডেমোক্রেসি, হিউম্যান রাইটস অ্যান্ড গভর্ন্যান্স অফিসের পরিচালক মিজ এ্যালেনা জে তানসে এবং উপপরিচালক ব্রেয়ার কিং গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাছিমা খাতুন এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার ব্যাপারে আলোচনা করেন।

গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবাধিকার বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি 'ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠার বিষয়েও তারা আলোচনা করেন। এ সময় শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে ঢাকা বিশ্ববিদ্যালয়, ইউএসএইড এবং আইএফইএস-এর মধ্যে শিক্ষাদান পদ্ধতি, মানবাধিকার, সংকট ব্যবস্থাপনা, শান্তি ও সম্প্রীতিবিষয়ক আরো যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচি চালুর উপর গুরুত্বারোপ করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ও যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে কর্মশালা ও সম্মেলন আয়োজনের বিষয়েও বৈঠকে ফলপ্রসূ আলোচনা করা হয়।

তারা যৌথ সহযোগিতামূলক কর্মসূচি গতিশীল করার জন্য ইউএসএইড এবং আইএফইএস প্রতিনিধিদের সমন্বয়ে একটি টাস্ক ফোর্স গঠনের ব্যাপারে আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদান এবং স্বেচ্ছাসেবী কার্যক্রমে প্রণোদনা দেয়ার লক্ষ্যে ইউএসএইড এবং আইএফইএস-এর কাছে আর্থিক সহযোগিতা কামনা করেন।

দৈনিকবাংলা
১২ অক্টোবর২০২৪



## ঢাবি উপাচার্যের সঙ্গে ইউএসএইড ও আইএফইএস প্রতিনিধিদের সাক্ষাৎ

ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেক্টোরাল সিস্টেমস (আইএফইএস) বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল বেদিয়া টাইশি, ইউএসএইডের ডেমোক্রেসি, হিউম্যান রাইটস অ্যান্ড গভর্ন্যান্স অফিসের পরিচালক মিজ এ্যালেনা জে তানসে এবং উপ-পরিচালক ব্রেয়ার কিং গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. নাছিমা খাতুন এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবাধিকার বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি 'ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠার বিষয়েও তারা আলোচনা করেন। এ সময় শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে ঢাকা বিশ্ববিদ্যালয়, ইউএসএইড এবং আইএফইএসের মধ্যে শিক্ষাদান পদ্ধতি, মানবাধিকার, সংকট ব্যবস্থাপনা, শান্তি ও সম্প্রীতি বিষয়ক আরও যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচি চালুর ওপর গুরুত্বারোপ করা হয়। বিজ্ঞপ্তি

**The New Age**
**12 October 2024**

# USAID director, IFES country director call on DU VC

**Staff Correspondent**

INTERNATIONAL Foundation for Electoral Systems country director Tanyel Bedia Taysi, and the United States Agency for International Development director Alena J Tansey and deputy director Blair King called on Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan at his office on Thursday.

The DU pro-VC (administration) Professor Sayema Haque Bidisha, political science department chairperson Professor Nasima Khatun, and proctor Saifuddin Ahmed, among others faculty members, were present on the occasion, said a press release on Friday.

They discussed the possibilities of strengthening ongoing joint collaborative academic and research programmes among Dhaka University and different universities in the US.

They also discussed the possibilities of establishing a 'Democracy Lab' at the DU to create awareness among the students on human rights and democratic values.

They also stressed the need for undertaking more joint collaborative academic and training programmes on teaching methodology, human rights, crisis management, peace and harmony among the DU, USAID and the IFES to prepare the students as skilled human resources, added the press release.

Arranging workshop and summit with the participation of the DU students and the students of different institutions of the US were also discussed in the meeting.

They discussed the possibilities of formation of a task-force with the combination of the DU, USAID and the IFES representatives to strengthen joint collaborative programs.

Niaz Ahmed sought financial support from the USAID and IFES to provide scholarship for DU students and give incentive for their voluntary activities.



The IFES country director and the USAID director call on the Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan at his office on Thursday. – Press release

**The New Nation**
**12 October 2024**

# USAID, IFES for boosting collab

**City Desk**

International Foundation for Electoral Systems (IFES) and USAID on Friday discussed the possibilities of strengthening ongoing joint collaborative academic and research programmes among Dhaka University (DU) and different institutions of the USA.

The discussion was held when IFES Country Director Dr Tanyel Bedia Taysi and USAID Director for Democracy, Human Rights and Governance Alena J Tansey called on Vice-Chancellor of the country's premier university Prof. Dr. Niaz Ahmed Khan at the latter's office here.

During the meeting, they held an elaborate discussion on the possibilities of establishing a 'Democracy Lab' at Dhaka University to create awareness among the students on human rights and democratic values.

> The US-backed organizations stressed the need for undertaking more joint collaborative academic and training programs on teaching methodology, human rights, crisis management, peace and harmony among DU, USAID and IFES to prepare the students as skilled human resources.

The US-backed organizations stressed the need for undertaking more joint collaborative academic and training programs on teaching methodology, human rights, crisis management, peace and harmony among DU, USAID and IFES to prepare the students as skilled human resources.

They also discussed the possibilities of formation of a task-force with the combination of DU, USAID and IFES representatives to strengthen joint collaborative programs.

Prof Dr Niaz sought financial support from USAID and IFES to provide scholarships for DU students and give incentives for their voluntary activities.

DU Pro-VC (Admin) Prof. Dr. Sayema Haque Bidisha, Deputy Director of USAID Democracy, Human Rights and Governance Blair King, Chairperson of Political Science Department Prof. Dr. Nasima Khatun and Proctor Saifuddin Ahmed, among others, were present on the occasion.

**ভোরেরকাগজ**
**১২ অক্টোবর ২০২৪**



বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষে টিএসসি চত্বরে অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিভিন্ন কর্মসূচির উদ্বোধন করেন (নিচে)। বিজ্ঞপ্তি

## ঢাবিতে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর এবং এডুকেশনাল অ্যান্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের যৌথ উদ্যোগে গত বৃহস্পতিবার বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বরে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ উপলক্ষে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির উদ্বোধন করেন। এ বছর দিবসটির প্রতিপাদ্য হলো 'কর্মক্ষেত্রে মানসিক স্বাস্থ্যকে অগ্রাধিকার দেয়ার এখনই সময়'।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী এবং এডুকেশনাল অ্যান্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের চেয়ারম্যান ড. মো. আজহারুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিজ্ঞপ্তি